

বই উৎসবে বই বিতরণ না করায় নোটিশ

নারায়ণগঞ্জ প্রতিনিধি •

২ জানুয়ারি দেশব্যাপী বই উৎসবের নির্ধারিত দিনে শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ না করার অভিযোগে নারায়ণগঞ্জ সদর উপজেলার দেলপাড়া হাইস্কুলের প্রধান শিক্ষক ফজলুল কবিরকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। এ ছাড়া তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার, দুপুরে বিদ্যালয় পরিদর্শন শেষে এক হাজার ১০০ সের্ট বই বিতরণ করা অবস্থায় দেখতে পেয়ে সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) গাউসুল আজম ওই সুপারিশ করেন। ওই সময় তাঁর সঙ্গে ছিলেন সদর উপজেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবদুল কাইউম খান।

গাউসুল আজম জানান, যেসব শিক্ষাপ্রতিষ্ঠানে বই প্রদানে অবহেলা করার অভিযোগ পাওয়া যাবে, ওই সব শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তি বাতিল, প্রতিষ্ঠানের শিক্ষক ও ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়া হবে।

ইউএনও জানান, ২ জানুয়ারি বই উৎসবে নারায়ণগঞ্জের পাঁচটি উপজেলার প্রায় ছয় লাখ শিক্ষার্থী ৪২ লক্ষাধিক নতুন পাঠ্যবই পায়। কিন্তু সদর উপজেলার বেশ কিছু শিক্ষাপ্রতিষ্ঠান ভর্তির অন্তহাতে ওই দিন শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়নি। এ বিষয়ে বেগ কিছু অভিযোগ আসায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সরেজমিন পরিদর্শন করা হচ্ছে।